

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং- ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬.২৭৩

তারিখ : ৩৩/০৫/২০১৬ খ্রিঃ


বিষয় : “সবার জন্য বাসস্থান” নিশ্চিতকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “সবার জন্য বাসস্থান নিশ্চিত করণ” সংক্রান্ত প্রথম সমন্বয় সভা প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ৩০/০৫/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহহীনদের যে তালিকা প্রনয়ণ চলমান রয়েছে সেটিকে ক, খ ও গ এই তিনটি শ্রেণীতে বিভক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। বর্ণিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে

১) যাদের জমি বা ঘর কোনটাই নেই তাদের “ক” শ্রেণী। ২) যাদের (১-১০) শতাংশ জমি আছে কিন্তু ঘর নেই তাদের “খ” শ্রেণী। ৩) যাদের (১-১০) শতাংশ জমি আছে কিন্তু জরাজীর্ণ বসবাসের অনুপযোগী ঘর আছে তাদের “গ” শ্রেণীভুক্ত করে তালিকা প্রনয়ণ করতে হবে।

০৩। বর্ণিতাবস্থায়, তাঁর উপজেলাধীন গৃহহীনদের উপর্যুক্তরূপে শ্রেণীবদ্ধ করে অতি সত্বর তালিকা প্রনয়ণ করে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ নূরুনাবী)
উপ-প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)
☎ : ৯১১৪৩২১

উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, -----(সকল)।

(তাঁকে ব্যক্তিগতভাবে কাজটি তদারকি করতে অনুরোধ করা হলো)

০২। মুখ্যসচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০৪। অফিস কপি।